দৈনিক ইনকিলাব

165

তারিখ AUG 21 1999
পৃষ্ঠা ২২ কলাম ৪

# এবার সবার দৃষ্টি ঢাকা ভার্সিটির ডীন নির্বাচনের দিকে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ আগামী ২৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হতে যাচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন নির্বাচন। এই নির্বাচনকে সামনে রেখে সরকার সমর্থক বাঙ্গালী জাতীয়তাবাদে বিশ্বাসী নীল দল এবং সরকারবিরোধী বাংলাদেশী জাতীয়তাবাদ ও ইসলামী মূল্যবোধে বিশ্বাসী সাদা দল তাদের প্রার্থী মনোনয়ন চূড়ান্ত করেছে। বিশ্ববিদ্যালয়ের ৭টি অনুষদের বর্তমান ডীনদের ২ বছরের মেয়াদ গত জুলাই মাসে শেষ হয়ে গেছে। আরো আগে নতুন নির্বাচন অনুষ্ঠিত হবার কথা থাকলেও বিভিন্ন কারণে তা অনুষ্ঠিত হতে পারেনি। সম্প্রতি ভাইস চ্যান্সেলর প্রফেসর একে আজাদ চৌধুরী বিদেশ সফরে যাবার আগে নির্বাচনের তারিখ নির্ধারণ করে গেছেন বলে জানা যায়। তবে এ তারিখ আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়নি। বিগত ডীন নির্বাচনে সাদা দল আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, বিজ্ঞান অনুষদ ও জীববিজ্ঞান অনুষদ— এই ৪টি এবং নীল দল কলা অনুষদ, বাণিজ্য অনুষদ ও ফার্মেসী অনুষদ— এ ৩টি অনুষদে জয়লাভ করে। বিভিন্ন দিক থেকে এই নির্বাচন অত্যধিক গুরুত্বের দাবীদার। ইতোপূর্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট নির্বাচন, শিক্ষক সমিতির নির্বাচন

এবং একাডেমিক কাউন্সিলের নির্বাচনে সরকার সমর্থিত নীল দলের ভরাডুবি এবং সরকারবিরোধী সাদা দলের জয়লাভের কারণে আসন্ন ডীন নির্বাচন উভয় দলের জন্যই একটি গুরুত্বপূর্ণ ইস্যু হিসেবে দাঁড়িয়েছে। এছাড়া গত সিনেট নির্বাচনে নীল দলের ব্যাপক কারচুপির অভিযোগে সাদা দল নির্বাচন বর্জন করেছিল। যার কারণে সবার দৃষ্টি এখন ডীন নির্বাচনের

১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## এবার সবার দৃষ্টি

শেষ পৃষ্ঠার পর

দিকে। কোন একটি অনুষদের নির্বাচিত ডীনই সেই অনুষদের একাডেমিক ও প্রশাসনিক কার্যাক্রমসহ বিভিন্ন ক্ষেত্রে প্রধান ভূমিকা পালন করেন।

এছাড়া বর্তমানে যে রাজনৈতিক অস্থিরতা বিরাজমান সে প্রেক্ষাপটে চিন্তা করলেও নির্বাচনটি তাৎপর্যপূর্ণ বলে প্রতিয়মান হবে। কারণ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক রাজনীতি জাতীয় রাজনীতিতে প্রভাব বিস্তার করে। আর ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা জাতির সবচেয়ে বিবেকবান অংশহিসেবে বিবেচিত। সচেতন নাগরিক হিসেবে তারা বর্তমান শাসনামলে যে দুর্নীতি, অনিয়ম ও আওয়ামী দলীয়করণ সমাজ তথা রাষ্ট্রের সর্বস্তরে ছড়িয়ে পড়েছে সে ব্যাপারে কার্যকরী ভূমিকা পালন করবে- এটাই সমগ্র জাতি প্রত্যাশা করে।

বিভিন্ন অনুষদে সাদা এ নীল দলের মনোনীত প্রার্থীরা হচ্ছেন ঃ কলা অনুষদে সাদা দলের প্রার্থী গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রফেসর পিআইবির সাবেক মহাপরিচালক ডঃ মোহাম্মদ তৌহিদুল আনোয়ার এবং নীল দলের প্রার্থী বর্তমান ডীন, ইতিহাস বিভাগের প্রফেসর কাজী শহীদুল্লাহ। সমাজ বিজ্ঞান অনুষদে সাদা দলের প্রার্থী বর্তমান ডীন লোক প্রশাসন বিভাগের প্রফেসর মোহাম্মদ আসাদুজ্জামান এবং নীল দলের প্রার্থী রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রফেসর হারুনুর রশীদ। আইন অনুষদে সাদা দলের প্রার্থী বর্তমান ডীন, আইন বিভাগের প্রফেসর ডঃ এম এরশাদুল বারী এবং নীল দলের প্রার্থী একই বিভাগের প্রফেসর এমআই পাটোয়ারী। বাণিজ্য অনুষদে সাদা দলের প্রার্থী মার্কেটিং বিভাগের প্রফেসর সৈয়দ আবুল কালাম আজাদ এবং নীল দলের প্রার্থী বর্তমান ডীন, হিসাব বিজ্ঞান বিভাগের প্রফেসর আবুল হাশেম। বিজ্ঞান অনুষদে সাদা দলের প্রার্থী পরিসংখ্যান বিভাগের প্রফেসর মোঃ শফিকুর রহমান এবং নীল দলের প্রার্থী পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর মেসবাহউদ্দিন আহমদ। জীব বিজ্ঞান অনুষদে সাদা দলের প্রার্থী বর্তমান ডীন, অনুজীব বিজ্ঞান বিভাগের প্রফেসর সিরাজুল ইসলাম খান এবং নীল দলের প্রার্থী উদ্ভিদবিদ্যা বিভাগের প্রফেসর নওশের আলী খান। ফার্মেসী বিভাগে সাদা দলের প্রার্থী হচ্ছেন ফার্মেসী বিভাগের প্রফেসর চৌধুরী মাহমুদ হাসান, নীল দলের তার প্রতিদ্বন্দ্বী একই বিভাগের প্রফেসর রেবেকা বানু।